গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২. ৯৮৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিষয়: ফেব্রুয়ারি, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের ফেব্রুয়ারি, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৭/০৩/২০২৩
ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারি ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৫-০৩-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১০,৭৪৭ | ২২৩৮ | |
| মোট | ১২,৯৮৫ | ১০,৭৪৭ | ২২৩৮ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৩৬ | ৩১৮ | ১৪৮৩ | ৩০১ | ২২৩৮ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সমাজসেবা অফিসার/সমমান -১৩৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | -- | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬০৯.৬৫<br>(ছয়শত নয় কোটি পঁয়ষট্টি লক্ষ টাকা) | ২১১.২৩৩৩<br>(দুইশত এগারো কোটি তেইশ লক্ষ তেত্রিশ হাজার টাকা)<br>৩৫% | - | ০৮/০১/২০২৩ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৮৪টি<br>অগ্রিম- ১৯৬টি<br>মোট- ৪৮০টি | ১১৮,৯৬,৬৭,১৮১<br>৬৮৯,১৫,৮৭,৮৯৯<br>৮০৮,১২,৫৫,০৮০<br>(আটশত আট কোটি বার লক্ষ পঞ্চান্ন হাজার আশি) | সাধারণ-১৬৯টি<br>অগ্রিম- ১৭৯টি<br>মোট- ৩৪৮টি | ০৩টি<br>(অগ্রীম)<br>টাকার পরিমান<br>১৯,৫৮৪<br>(উনিশ হাজার পাঁচশত চুরাশি) | সাধারণ- ২৮৪টি<br>অগ্রিম- ১৯৩টি<br>মোট= ৪৭৭টি<br>টাকার পরিমান<br>১১৮,৯৬,৬৭,১৮১<br>৬৮৯,১৫,৬৮,৩১৫<br>৮০৮,১২,৩৫,৪৯৬<br>(আটশত আট কোটি বার লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত ছিয়ানব্বই) | ১। বরিশাল বিভাগে ১২টি সাধারণ আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভা ২৩/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে।<br>২। ১৩টি অগ্রীম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহবান এবং প্রতিনিধি মনোনয়নসহ সভার তারিখ নির্ধারনের জন্য অধিদপ্তরের স্মারক নং ১১৪ তারিখ ০৬/০২/২০২৩ যোগে কার্যপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৬ | ০০ | ১০৬ | ০০ | ০১ | ০০ | ০১ | ৩১ | ১০৫<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৬ টি,<br>৪র্থ শ্রেণির ২০ টি<br>মোট = ১০৫ টি |

## (৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ৮১৫৫ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৩২৬২ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৪৮৯৩ জন |
| ২ | 'সমাজসেবা অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়নের অন্তরায়সমূহ এবং তা নিরসনের উপায়' (সেমিনার) | ১২ ফেব্রুয়ারি ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৯০ |
| ৩ | 'চতুর্থ শিল্প বিপ্লবের অংশ হিসেবে সমাজসেবা অধিদফতরের দক্ষতা উন্নয়ন বাস্তবায়নে কর্মপন্থা নির্ধারণ' (সেমিনার) | ২৩ ফেব্রুয়ারি ২০২৩ | | ১০০ |
| ৪ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১২ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩৩ জন |
| ৫ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২০ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও প্রতিবেদন প্রস্তুতকরণ | ১৯ হতে ২০ ফেব্রুয়ারি ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ৪৫ জন |
| ২ | | ২২ হতে ২৩ ফেব্রুয়ারি ২০২৩ | | ৪৭ জন |
| ৩ | | ২৬ হতে ২৭ ফেব্রুয়ারি ২০২৩ | | ৪৭ জন |

এছাড়াও জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ১৬ জন প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে ০১ দিনের ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৩৬ জন, ২য় শ্রেণির ৩১৮ জন, ৩য় শ্রেণির ১৪৮৩ জন এবং ৪র্থ শ্রেণির ৩০১ জন মোট ২ হাজার ২৩৮ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট এন্ট্রিকৃত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর মধ্যে প্রায় ১ কোটি ৪ লক্ষ ৪০ হাজার জন ভাতাভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের ১ম ও ২য় কিস্তির ভাতার অর্থ (ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত) প্রেরণ করা হয়েছে।

(০২) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতের বরাদ্দকৃত ৩০.০০ কোটি টাকা হতে ২য় ও ৩য় কিস্তি বাবদ ১৪ কোটি ৮৮ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরী প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১ম কিস্তির ৭.৫০ (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এককালীন ছাড়করণের মঞ্জুরী প্রদানের আদেশ পাওয়া গেছে। দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১.৯৩ (এক কোটি তিরানব্বই লক্ষ) টাকার মধ্যে ১ম কিস্তির ৪৮.২৫ (আটচল্লিশ লক্ষ পঁচিশ হাজার) টাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। উপজেলা পর্যায়ে বিতরণ কার্যক্রম চলমান।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) সংশোধিত বাজেট ৮.৫৫ কোটি টাকার বরাদ্দ মঞ্জুরী ইউসিডি কার্যালয়ে প্রদান করা হয়েছে যা মাঠ পর্যায়ে উপকারভোগীদের মধ্যে বিনিয়োগ অব্যাহত রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১৪ কোটি ৩০ লক্ষ টাকার মধ্যে ১ম কিস্তির ছাড়কৃত অর্থের ০৩ কোটি ৬০ লক্ষ টাকা মাঠ পর্যায়ের ৩১টি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১৪ কোটি ৩০ লক্ষ টাকার মধ্যে ২য় ও ৩য় কিস্তির ০৭ কোটি ৩৮ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(০৫) ২০২১-২২ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৪ কোটি ৭৫ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ১২ কোটি ৩৭ লক্ষ ৫০ হাজার টাকার বরাদ্দ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২০২১-২২ অর্থবছরের ৩য় কিস্তি বাবদ ০৬ কোটি ১৮ লক্ষ ৭৫ হাজার টাকা এককালীন ছাড়করণের মঞ্জুরী প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৭) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৩য় কিস্তি বাবদ ০৫ কোটি ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা ছাড় ও ব্যয়ের মঞ্জুরী আদেশ পাওয়া গেছে। উক্ত ছাড়কৃত অর্থ ব্যয়ের নিমিত্ত চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যালয়ে বিল দাখিল করা হয়েছে।

(০৮) ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম Micro Credit Management System (MCMS) সফটওয়্যার এর কাজ পরীক্ষামূলকভাবে শহর সমাজসেবা কার্যালয় -০৪, ঢাকায় বাস্তবায়নাধীন রয়েছে।

(০৯) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ২৮ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৯ লক্ষ ৮৫ হাজার ৩৯৭ জন। ০১-২৮ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১২ হাজার ৫৭২ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৩ হাজার ৭৯০ জন এবং ১০ হাজার ৩৪৫ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(১০) ০৫ হতে ১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত ০৭ দিনব্যাপী ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষককে অবহিত করার জন্য সমাজসেবা অধিদপ্তরাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে লিখিত নির্দেশনা প্রদানের লক্ষ্যে ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা কর্তৃক জারীকৃত পত্রটি পৃষ্ঠাঙ্কন করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০৪.২২.১০ তারিখ ২৪ জানুয়ারি ২০২৩ তারিখ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।

(১১) সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৪তম বৈঠকে ক্যাপিটেশন গ্রান্ট বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত অনুযায়ী ক্যাপিটেশন গ্রান্ট বৃদ্ধির বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.১৯ তারিখ ২৫ জানুয়ারি ২০২৩ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(১২) বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা-২০১৫ এর ৭.১৯ ধারা অনুযায়ী সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানায় প্রচার এর লক্ষ্যে এতিমখানার সাইনবোর্ডে **"সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতরের ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানা"** কথাটি অন্তর্ভূক্ত করে উন্মুক্ত স্থানে প্রদর্শনের জন্য স্পষ্ট নির্দেশনা প্রদান করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০৫৬.১৮.১৫ তারিখ ৩০ জানুয়ারি ২০২৩ যোগে সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয় ও উপজেলা সমাজসেবা কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) 'প্রবীণ উন্নয়ন ফাউন্ডেশন আইন, ২০২১' এর পরিমার্জিত খসড়া প্রস্তুত করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের আদেশ অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৪১.২৩.২৫ তারিখ ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ যোগে জারী করা হয়েছে।

(১৪) বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত ভিডিও প্রতিবেদন প্রণয়নে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এ প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানার সাফল্য চিত্র প্রচার এর জন্য নির্ধারিত 'ছকে' তথ্য প্রেরণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০২৩.১৮.৭০ তারিখ ২০ ফেব্রুয়ারি ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৫) Winrock International কর্তৃক ২৬ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী CCDB hope, Savar, Dhaka এ **Training on Trauma Counselling** শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ৬ (ছয়) জন কর্মকর্তা-কর্মচারীকে মনোনীত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩. ২৫.০০৬.১৬.৩০/১ তারিখ ২০ ফেব্রুয়ারি ২০২৩ যোগে অফিস আদেশ জারী করা হয়েছে।

(১৬) ফেব্রুয়ারি ২০২৩ মাসে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫২৮টি হাসপাতালে পরিচালিত হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে মোট ৬৬ হাজার ১০৩ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃত ১৯ হাজার ৩৯৭ জন, সামাজিকভাবে উপকৃত ৪৬ হাজার ৭০৫ জন ও পুনর্বাসনকৃত ১ জন।

(১৭) ফেব্রুয়ারি ২০২৩ মাসে সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে সংগৃহীত ৫২৮টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ৫৮ লক্ষ ৪৬ হাজার ৮০৫ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ২ কোটি ১৫ লক্ষ ৪৪ হাজার ১০২ টাকা।

(১০) গ. আগামী ২ মাসে (মার্চ ২০২৩ ও এপ্রিল ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরের নিয়মিত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জনকে G2P পদ্ধতিতে ভাতা/উপবৃত্তি প্রদান করা হবে। ২০২২-২৩ অর্থবছরের সকল ভাতার ৩য় কিস্তি (জানুয়ারি-মার্চ/২৩) অর্থ মাঠ পর্যায়ে বিতরণ চলমান থাকবে।

(০২) প্রশাসনিক মন্ত্রণালয় হতে আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী কার্যক্রমের ২য় ও ৩য় কিস্তির অর্থ বিতরণের জন্য মাঠপর্যায়ে প্রেরণ করা হবে।

(০৩) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৩য় কিস্তি বাবদ ০৫ কোটি ৯৮ লক্ষ ৫০ হাজার টাকার মঞ্জুরী প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১৪ কোটি ৩০ লক্ষ টাকার মধ্যে ১ম কিস্তির ছাড়কৃত মাঠ পর্যায়ের ৩১টি কার্যালয়ে প্রেরণকৃত ০৩ কোটি ৬০ লক্ষ টাকা ইউনিট পর্যায়ে ঋণগ্রহিতার মাঝে বিতরণ নিশ্চিত করা। প্রশাসনিক মন্ত্রণালয় হতে মঞ্জুরীকৃত ২য় ও ৩য় কিস্তির ০৭ কোটি ৩৮ লক্ষ ৭৫ হাজার টাকা মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।

(০৫) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত ৪১৪৩ টি বেসরকারি এতিমখানার ১,১৬,৬৬৬ (এক লক্ষ ষোল হাজার ছয়শত ছেষট্টি) জন এতিম শিশুর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরে ১ম কিস্তির (জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ ১৪০,০০,০০,০০০/- (একশত চল্লিশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হবে।

(০৬) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এইচ এস সি/২০২২ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে।

(০৭) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বাষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথভাবে উদযাপনের অংশ হিসেবে সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচী পালনের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর নির্দেশনা পত্র প্রেরণ করা হবে।

(০৮) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমকে ডিজিটাল প্লাটফর্মে আনয়নের লক্ষ্যে 'Hospital & Disability Service Management System' সফটওয়্যার নির্মাণের অবশিষ্ট কাজ সমাপ্তকরণের উদ্যোগ গ্রহণ।

(০৯) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহীত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (মার্চ ২০২৩ ও এপ্রিল ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৬/০৩/২৩

০৬/০৩/২৩
নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

০৬/০৩/২৩
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৬/৩/২৩
রকিব আহমেদ
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা